



বিডিআর হত্যাকাণ্ডে শহীদ সেনাদের স্মরণে কবর জিয়ারত জামায়াত আমিরের



সংগৃহীত ছবি

জাতীয় শহীদ সেনা দিবসে স্মরণে বুধবার (২৫ ফেব্রুয়ারি) রাজধানীর বনানী সামরিক কবরস্থানে শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তিনি পুষ্পস্তবক অর্পণ করে শহীদ সেনাদের স্মরণ করেন। সকালে রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী তারেক রহমানও শহীদদের কবরে শ্রদ্ধা নিবেদন করেন। শফিকুর রহমান বলেন, পিলখানা হত্যাকাণ্ডে নিহত ৫৭ জন সেনা কর্মকর্তার পূর্ণাঙ্গ তদন্ত প্রতিবেদন এখনও প্রকাশিত হয়নি। তিনি আশাবাদ ব্যক্ত করেন, প্রতিবেদন প্রকাশিত হলে প্রকৃত সত্য জানা যাবে। জামায়াত আমির আরও বলেন, ক্ষমতাসীনদের এই ঘটনার সঙ্গে সম্পৃক্ততা খতিয়ে দেখা জরুরি। প্রকৃত দোষীদের বিচারের মাধ্যমে ন্যায়বিচার নিশ্চিত হলে দেশের জন্য দায়মোচন হবে। শফিকুর রহমান জোর দেন, এ দাবি প্রতিহিংসার নয়, বরং ন্যায়বিচারের। উল্লেখ্য, পিলখানা হত্যাকাণ্ড ঘটে ২০০৯ সালের ২৫ ফেব্রুয়ারি, যেখানে ৫৭ সেনা কর্মকর্তা ও মোট ৭৪ জনকে হত্যা করা হয়েছিল। ২০২৪ সাল থেকে এই দিনটি ‘শহীদ সেনা দিবস’ হিসেবে পালন করা হয়।